বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট: www.ugc.gov.bd

স্মারক নংঃ ইউজিসি/বেঃবিঃ/৪৮৪(জেপা)/২০১৬/

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা

জনস্বার্থে এবং অভিভাবক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর অধীনে বর্তমানে ৯৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন রয়েছে। এর মধ্যে যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মামলা মোকদ্দমাসহ বিভিন্ন ধরণের সমস্যা বিদ্যমান, সমস্যার ধরণসহ সে সব বিশ্ববিদ্যালয়ের তালিকা জনস্বার্থে এবং অভিভাবক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে পূর্বের ন্যায় প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের হালনাগাদ তথ্য সময়ে সময়ে কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হবে।

ক) **আদালতের স্থগিতাদেশ নিয়ে ক্যাম্পাস পরিচালনা (০১টি বিশ্ববিদ্যালয়)**

ইবাইস ইউনিভার্সিটি-এ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব বিদ্যমান। বোর্ড অব ট্রাস্টিজ ২টি ভাগে বিভক্ত এবং একে অপরের বিরুদ্ধে মাননীয় আদালতে একাধিক মামলা দায়ের করেছে। দ্বন্দ্ব নিরসন তথা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়েও একটি গ্রুপ মাননীয় আদালতে মামলা দায়ের করে উক্ত কার্যক্রম স্থগিত করেছে।

খ) **সরকার কর্তৃক বন্ধকৃত, তবে মহামান্য সুপ্রিম কোর্ট থেকে রায় প্রাপ্ত (০১টি বিশ্ববিদ্যালয়)**

আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি- সরকার কর্তৃক ২০/১১/২০০৬ তারিখে আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি-কে বন্ধ ঘোষণা করা হয়। এ বিশ্ববিদ্যালয় বন্ধ সংক্রান্ত সরকারি আদেশের বিরুদ্ধে মাননীয় আদালতে রীট মামলা দায়েরপূর্বক মাননীয় আদালত থেকে স্থগিতাদেশ নিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছিল। পরবর্তীতে মহামান্য সুপ্রিম কোর্টের ১৩/০২/২০১৭ তারিখের রায়ের প্রেক্ষিতে এ বিশ্ববিদ্যালয় **শুধুমাত্র ৫৪/১, প্রগতি স্মরণী, বারিধারা-নদ্দা, পুলিশ স্টেশন, গুলশান ঢাকাস্থ** ঠিকানাতে কার্যক্রম চালাতে পারবে মর্মে উল্লেখ রয়েছে। তবে এ বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ঠিকানায় শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কোন আবেদন কমিশনে অদ্যাবধি পাওয়া যায়নি।

গ) **অননুমোদিত ক্যাম্পাস (০৪টি বিশ্ববিদ্যালয়)**

(১) **সাউদার্ণ ইউনিভার্সিটি বাংলাদেশ**- এ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসের ঠিকানা ৭৩৯, মেহেদীবাগ, চট্টগ্রাম ও ২২, শহীদ মির্জালেন, চট্টগ্রাম। মাননীয় আদালতের রায় অনুযায়ী উক্ত দু'টি ক্যাম্পাস ব্যতীত অন্যান্য সকল ক্যাম্পাস অবৈধ।

(২) **ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগং**- ৬৩, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা।

(৩) **দি পিপলস্ ইউনিভার্সিটি অব বাংলাদেশ**-এ বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাস (আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা)।

(৪) **ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া**- বাড়ি-৭২, রোড-১৭, ব্লক-সি, বনানী, ঢাকা।

ঘ) **বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব এবং আদালতে মামলা বিচারাধীন (০৫টি বিশ্ববিদ্যালয়)**

(১) ইবাইস ইউনিভার্সিটি (২) সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (শিক্ষা মন্ত্রণালয় শামীমাবাদ, বাগবাড়ি, সিলেটকে বৈধ কর্তৃপক্ষ হিসেবে পত্র দিয়েছে। উক্ত পত্রের বিরুদ্ধে একটি পক্ষ মামলা দায়ের করেছে। মামলাটি মাননীয় আদালতে বিচারাধীন (৩) ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয় (৪) প্রিমিয়ার ইউনিভার্সিটি এবং (৫) সাউদার্ণ ইউনিভার্সিটি বাংলাদেশ।

ঙ) **শিক্ষা কার্যক্রম শুরু করেনি (০৫টি বিশ্ববিদ্যালয়)**

১। সম্প্রতি অনুমোদনপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা কার্যক্রম তথা শিক্ষার্থী ভর্তির অনুমতি দেওয়া হয়নি, তবে বিষয়টি প্রক্রিয়াধীন ঃ

(১) রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (২) সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, ঢাকা (৩) রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকা (৪) রূপায়ন এ. কে. এম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়, নারায়নগঞ্জ এবং (৫) আনোয়ার খান মর্ডান ইউনিভার্সিটি।

২। **শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি দেয়া হয়নি ঃ কুইন্স ইউনিভার্সিটি**- কুইন্স ইউনিভার্সিটি সরকার কর্তৃক বন্ধকৃত। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় থেকে ০৬/০৯/২০১৫ তারিখে ০১ (এক) বছরের জন্য সাময়িকভাবে শর্ত সাপেক্ষে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য পত্র দেয়। কিন্তু উক্ত নির্ধারিত সময়ের মধ্যে কুইন্স ইউনিভার্সিটি শিক্ষা কার্যক্রম শুরু করতে সক্ষম হয়নি।

চ) **গণ বিশ্ববিদ্যালয়ঃ** গণ বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত প্রোগ্রামসমূহে শিক্ষার্থী ভর্তি না হওয়ার জন্য কমিশন হতে গত ২৬/০৪/১৭ তারিখে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিরুদ্ধে গণ বিশ্ববিদ্যালয় মাননীয় আদালতে রিট পিটিশন (নং ৭১৯৬/২০১৭) দায়ের করে। মাননীয় বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন কর্তৃক ২৯/৫/২০১৭ তারিখের আদেশ অনুযায়ী BBA, Environmental Science, MBBS, BDS, Physiotherapy প্রোগ্রামসমূহে গণ বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি allow করার জন্য ইউজিসিকে নির্দেশনা দিয়েছেন। মাননীয় হাইকোর্টের Stay Order থাকা পর্যন্ত উক্ত বিষয়গুলো ওয়েবসাইটে সন্নিবেশিত করা হয়েছে।

ছ) **দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ঃ** মহামান্য হাইকোর্টের আদেশবলে দারুল ইহসান বিশ্ববিদ্যালয় এবং ইহার সকল আউটার ক্যাম্পাস বন্ধ ঘোষণা করা হয়েছে। একই সাথে দেশের সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাস বন্ধ করা হয়েছে।

জ) **উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষঃ** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অর্জিত ডিগ্রির সার্টিফিকেটে মূল স্বাক্ষরকারী কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। প্রত্যেক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ উপাচার্য, কোষাধ্যক্ষ নিয়োগ করেন বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা মহামান্য রাষ্ট্রপতি। শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ৮৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৫৮ টিতে উপাচার্য, ২৬ টিতে উপ-উপাচার্য এবং ৪০ টি তে কোষাধ্যক্ষ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত রয়েছেন। ইউজিসির ওয়েবসাইটে এতদ্‌সংক্রান্ত বিস্তারিত তথ্য রয়েছে।

এখানে উল্লেখ্য যে, অদ্যাবধি কোন বিদেশী বিশ্ববিদ্যালয়ের শাখা/ক্যাম্পাস/স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার অনুমতি শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃক দেয়া হয়নি বিধায় কোন বিদেশী উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে প্রতারণার শিকার না হওয়ার জন্যও সতর্ক করা হলো। তদুপরি, **কেউ অনুমোদনবিহীন কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় কিংবা অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাস অথবা অননুমোদিত কোন প্রোগ্রাম/কোর্সে ভর্তি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয় বা ইউজিসি নেবে না। কাজেই বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসে এবং অনুমোদিত প্রোগ্রামে ভর্তি হওয়ার জন্য ইউজিসির ওয়েবসাইট (www.ugc.gov.bd) থেকে তথ্য সংগ্রহপূর্বক ভর্তি হওয়ার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পরামর্শ দেয়া হলো।**

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

১৬/৮/১৭
পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।